ভোরের কাগজ

তারিখ ... ... FEB 07 2000...
পৃষ্ঠা ৭ কলাম ২

34

ছাত্রদের হাতে লাঞ্ছনা

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের ক্লাস বর্জন কর্মসূচি পালন

কুষ্টিয়া প্রতিনিধি : ইসলামী বিশ্ববিদ্যালয়ে কতিপয় বিক্ষুব্ধ ছাত্রের হাতে শিক্ষক-কর্মকর্তা লাঞ্ছিত হওয়ার ঘটনার প্রতিবাদে গত রোববার ক্যাম্পাসে শিক্ষকদের প্রতীক ধর্মঘট ও ক্লাস বর্জন কর্মসূচি পালিত হয়। শিক্ষক সমিতি আগামী ৫ ফেব্রুয়ারির মধ্যে এ ঘটনার সুষ্ঠু বিচার এবং তাদের নিরাপত্তা নিশ্চিত করাসহ অন্যান্য দাবি মেনে নেওয়ার দাবি জানিয়েছে। অন্যথায় ফেব্রুয়ারি থেকে শিক্ষক সমিতি নতুন কর্মসূচি ঘোষণা করবে বলে হুঁশিয়ারি দিয়েছে। তবে শিক্ষক ধর্মঘট সত্ত্বেও সোমবার বাংলা দ্বিতীয় বর্ষ, আইন দ্বিতীয় বর্ষ, এবং হিসাব বিজ্ঞান দ্বিতীয় বর্ষ পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হয়েছে।

জানা গেছে, গত বৃহস্পতিবার কুষ্টিয়া শহরের হাউজিং এলাকায় বসবাসকারী ৩ শতাধিক ছাত্র ঐ রুটে পর্যাপ্ত গাড়ি বরাদ্দের দাবিতে বিক্ষোভ করে। এ সময় বিক্ষুব্ধ ৫ ছাত্র কয়েকজন শিক্ষকসহ পরিবহন কর্মকর্তাকে লাঞ্ছিত; গাড়ি অবরোধ এবং শিক্ষকদের গাড়ি ভাঙচুর করে। এ ঘটনার প্রতিবাদে শিক্ষক সমিতির সভাপতি ড. মোশাররফ হোসেনের সভাপতিত্বে রবিবারের প্রতীক ধর্মঘটসহ উপরোক্ত কর্মসূচির সিদ্ধান্ত নেওয়া হয়। পরে ইবি কর্তৃপক্ষ পাঁচজন ছাত্রের নামে কুষ্টিয়া সদর থানায় মামলা করে এবং এ ব্যাপারে একটি তদন্ত কমিটি গঠন করে।